গাংনীতে উপ-নির্বাচনে বিজয়ী ইউপি সদস্যের শপথ গ্রহণ

গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের উপ-নির্বাচনে ২ নং ওয়ার্ডের নবনির্বাচিত ইউপি সদস্য মফিজুল ইসলাম শপথ গ্রহণ করেছেন।

গতকাল সোমবার বেলা ১১ টার দিকে ইউএনও’র সভাকক্ষে এ শপথ বাক্য পাঠ করানো হয়। গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ শপথ বাক্য পাঠ করান। পরে ওয়ার্ড বাসীদের মাঝে মিষ্টি বিতরণ করা হয়।

এ সময় মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন তাকে অভিনন্দন জানিয়ে ওয়ার্ড বাসীর আশা-আকাঙ্খা পূরণে কাজ করার আহবান জানান ।

এ সময় উপস্থিত ছিলেন, ধানখোলা ইউনিয়নের চেয়ারম্যান আখেরুজামান, ইউপি কামরুল হাসানসহ বিভিন্ন আওয়ামী লীগের নেতৃবৃন্দ।

শপথ গ্রহণ শেষে নবনির্বাচিত ইউপি সদস্য মফিজুল ইসলাম সাংবাদিকদের জানান, ভোটে প্রতিযোগিতা থাকবে কিন্তু সেই প্রতিযোগিতা যেন প্রতিহিংসায় রূপ না নেয়।

আমি উপজেলা আওয়ামী লীগের শ্রম বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করছি দীর্ঘদিন ধরে। ভোট শেষ হতেই আমি সকলকে একটি শান্তির বার্তা দিয়েছি। ভোটের যে প্রতিযোগিতা হয়েছে সেটা শেষ, ফলে আমাদের এলাকায় শান্তি শৃংখলা বজায় রাখতে কোন হানাহানি বা মারামারির দরকার নেই।

কিন্তু এখনও এক শ্রেণির মানুষ এলাকায় অশান্তি সৃষ্টির লক্ষ্যে নানা রকম ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। আমি আমার ওয়ার্ডের সকল নেতাকর্মীদের সাথে মিলে-মিশে থাকতে চাই। আপনাদের সকলের জনপ্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করতে চাই। আপনারা আমাকে সুযোগ করে দিন। আমার ভুলত্রুটি হলে আমাকে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন।

[redacted]

[redacted]

গাংনীতে স্বাস্থ্য সহায়তা সরঞ্জাম বিতরণ

সবাই মিলে শপথ করি, করোনা ভাইরাস সহনশীল গ্রাম গড়ি এ প্রতিপাদ্যে সুস্বাস্থ্য ও মানসম্মত সেবা নিশ্চিত করণে মেহেরপুরের গাংনী উপজেলার ৮ টি ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র ও ৩৫টি কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য সরঞ্জাম বিতরণ করা হয়েছে।

দি হাঙ্গার প্রজেক্টের আয়োজনে এ বিতরণী অনুষ্ঠানে জাতীয় কন্যা- শিশু এ্যাডভোকেসি ফোরামের সভাপতি সিরাজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন|

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলম, শিক্ষক নেতা মনিরুজামান মনি ও হাঙ্গার প্রজেক্টের উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দীন।

গাংনীতে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ

মেহেরপুরের গাংনীতে কৃষি পুনর্বাসনের আওতায় রবি মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়।

গতকাল সোমবার দুপুরে গাংনী উপজেলা সম্মেলন কক্ষে এ বিতরণী অনুষ্ঠান উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক।

কৃষি অফিসার কে এম শাহাবুদ্দিন’র স্বাগত বক্তব্য শেষে প্রধান অতিথি মোহাম্মদ সাহিদুজামান খোকন বলেন, সরকার সার বিক্রিতে ভর্তুকী দিচ্ছে। কিন্তু তারপরেও সারের দাম বেশি নিচ্ছে ডিলাররা। ব্যবসায়ীরা সরকারের টাকাও নিচ্ছে আবার কৃষকের টাকাও নিচ্ছে। দ্রুত এ সমস্যার সমাধান করতে উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশনাও দেন তিনি।

উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ রাসেল রানার পরিচালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, গাংনী মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম ও উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজামান মনি প্রমুখ।

অনুষ্ঠানে সরিষা, ভুট্টা, বোরো ধান, গম, মুগ ও পেঁয়াজ চাষের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৪ হাজার ৯শ ১০ জন কৃষকের মাঝে এসব কৃষি সামগ্রী বিতরণ করা হয় ।

মেহেরপুরে আরও ৩ জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে দুই জন সদরের, একজন গাংনী উপজেলার।

রবিবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১২ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে ৩ জনের। আর নেগেটিভ আসে ৯ জনের।

তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট নমুনা পাঠানো হয়েছে-৪৯০৬ ফলাফল এসেছে ৪৮১০ টি, সর্বমোট পজিটিভ ৭০৩ জন, সুস্থ ৬১৪ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৫৪ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ১৯ (সদরে-১২, গাংনীতে- ৪ ও মুজিবনগরে- ৪) জন।

ভিন্নসূত্রে পাওয়া পজেটিভদের পরিচয়- মেহেরপুর সদরের খন্দকার

পাড়ার সাজিবুর রহমান(২১), আমঝুপির লাইলী(৬৮), অপর জন হলেন গাংনীর হাড়িয়াদহের শামিম রেজা(৩৫)।

গাংনীর চৌগাছায় পাখিভ্যান চাপায় শিশু নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার চৌগাছা গ্রামে ব্যাটারি চালিত পাখিভ্যান চাপায় হুজাইফা (৩বছর) নামের এক শিশু নিহত হয়েছে। আজ রোববার সকাল দশটার দিকে শিশুটি রাস্তা পারাপারের সময় এ দুর্ঘটনা ঘটে।

দুর্ঘটনায় পাখিভ্যান উল্টে চালক আহত হয়েছেন। তবে তিনি ভ্যান ফেলে পালিয়ে যাওয়ায় তার পরিচয় নিশ্চিত হতে পারেননি স্থানীয়রা।

নিহত হুজুাইফা চৌগাছা নুরবাগ মাদ্রসার সহকারি পরিচালক ও স্থানীয় জামে মসজিদের ঈমাম শফিকুল ইসলামের ছেলে। তার বাড়ি সাতক্ষীরা। চাকুরির সুবাদে তিনি চৌগাছায় ভাড়া বাড়িতে বসবাস করেন।

স্থানীয় সুত্রে জানা গেছে, সকালে হুজাইফা গাংনী-কাথুলি সড়কের পাশে বাড়ির পাশে শিশুদের সাথে খেলছিল। রাস্তা পারপারের সময় সাহারবাটি থেকে গাংনী গামী যাত্রী বোঝাই একটি পাখিভ্যানে চাপা পড়ে সে। এতে ঘটনস্থলেই তার মৃত্যু হয়।

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে গাংনী থানার ওসি ওবাইদুর রহমান বলেন, মরদেহ ও দুর্ঘটনা কবলিত ভ্যান পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। ভ্যান চালককে খুঁজে বের করার চেষ্টা করা হচ্ছে।

মেহেরপুরের গাংনীতে ট্রান্সফর্মার চোর আটক

মেহেরপুরের গাংনীতে ট্রান্সফর্মার চোর আটক করেছে গাংনী থানা পুলিশ। গতকাল শনিবার দুপুরের দিকে হারেজ মালিথা আটক করে গাংনী থানা পুলিশ। তার দেওয়া তথ্য অনুযায়ী আরও চার জন কে আটক করা হয়।

আটককৃতরা হলেন, কুষ্টিয়া জেলার বড় বাজার এলাকার ঘোড়া ঘাট এলাকার মৃত চাঁদ মালিথার ছেলে হারেজ মালিথা(৫২), ত্রিমোহনী এলাকার মৃত রওশন শেখের ছেলে নুর ইসলাম(৬০), ভেড়ামারার মো: ভাদু মেথের ছেলে মো: আব্দুল শেখ(৪৫), হরিপুরের মৃত ছামসুদ্দিন ইসলামের ছেলে আনারুল ইসলাম(৩৬), দৌলতপুরের লক্ষী খোলার মৃত আজির উদ্দিনের ছেলে মজির উদ্দিন(৫০)।

আটককৃতদের কাছ থেকে বিপুল পরিমাণ চুরিকৃত ট্রান্সফর্মারের কয়েল উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য তিন লক্ষ টাকা।

গাংনী থানার ওসি ওবায়দুর রহমান জানান, গোপন সংবাদের ভৃত্তিতে বিশেষ এক অভিযানে ট্রান্সফর্মার চোরের মূল হোতা হারেজ কে আটক করা হয়। পরে তার দেওয়া তথ্যের ভিত্তিতে বাকিদের আটক করতে সক্ষম হন গাংনী থানা পুলিশ।

তিনি আরও জানান, হারেজ উদ্দিন দীর্ঘ ২৫ বছর ধরে ট্রান্সফর্মার চুরির সাথে জড়িত। তার বিরুদ্ধে একাধিক মামলাও আছে। তারা অভিনব কায়দায় ট্রান্সফর্মার চুরি করে, তারের কয়েল গুরো আলাদা করে সবজির গাড়িতে করে বিভিন্ন স্থানে পাঠাত।

আটককৃতদের বিরুদ্ধে মামলা দায়ের করে কোর্টে পাঠানো হবে।

আগে ঘুষ, পরে কাজ

অতিরিক্ত টাকা বা ঘুষ ছাড়া কোন কাজই হয় না গাংনী সাব-রেজিস্ট্রি অফিসে। সরকারি ধার্যকৃত টাকার বাইরেও বিভিন্ন খাতের অযুহাতে

ভুক্তভোগী অনেক দলিল লেখক জানান, দলিল সম্পাদনকালে দলিলে ভুল-ত্রুটি ধরে তাদের কাছ থেকে অতিরিক্ত টাকা আদায় করা হয়। ভুল-ত্রুটি ধরার পর টিসি মোহরার (ট্যাক্স কালেকটর মোহরার) আজাদ ও নকল নবিশ রতনের হাতে অতিরিক্ত টাকা না দিলে সম্পাদনে অপারগতা জানান সাব রেজিস্টার।

এছাড়াও সাংবাদিকদের সাথে খারাপ আচরণের অভিযোগও রয়েছে এই কর্মকর্তার বিরুদ্ধে।

এ বিষয়ে গাংনী সাব-রেজিস্টার মাহফুজ রানাকে জিজ্ঞাসা করা হলে তিনি অফিসে গিয়ে কথা বলতে বলেন।

জেলা রেজিস্টার সাইফুল ইসলাম জানান, গাংনী সাব রেজিস্টারের নামে অভিযোগ আসতেই আসছে। লিখিত অভিযোগ না পাওয়াতে কোন পদক্ষেপ নিতে পারেন না। মুজিবনগরের নকল নবিশ গাংনীতে দায়ীত্ব পালনের বিষয়টি তার জানার বাইরে বলে জানান। তবে তিনি বিষয়টি দেখবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে জানান।

পশ্চিম-পূর্ব মালসাদহ বাইপাস সড়কের বেহালদশা

মেহেরপুর জেলার গাংনী উপজেলার পৌরসভাধীন পশ্চিম মালসাদহ ৬নং ওয়ার্ডের গুরুত্বপূর্ণ বাইপাস রাস্তাটি দীর্ঘ দিন থেকে অবহেলিত অবস্থায় পড়ে আছে। ২০০১ সালে গাংনী পৌরসভা প্রতিষ্ঠিত হয়। প্রায় ১ থেকে দেড় কি:মি রাস্তাটি চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। কর্তৃপক্ষ উদাসিন।

এই বাইপাস রাস্তাটি বর্তমানে জনগুরুত্বপূর্ণ একটি রাস্তা। ৬নং ওয়ার্ড রাস্তা সংলগ্ন বসবাসকারী ইমরান হোসেন (টগা) জানান ২০০১ সালে পৌরসভা প্রতিষ্ঠিত হওয়ার পরে সাবেক মেয়র এইচ বি বি করেন। অদ্যাবধি বর্তমান মেয়র দায়িত্ব গ্রহণের পরে থেকে রাস্তাটি কোন সংস্কার হয়নি।

পূর্বমালসাদহ গ্রামের রাস্তার পার্শ্বে বসবাসকারী দোকানদার নাহিদুজ্জামান জানান, দীর্ঘ দিন যাবত এই রাস্তাটি অবহেলিত থাকলেও কোন সংস্কার হয়নি আজও।

পথচারী, ভ্যান চালক, মটরসাইকেল চালক, সাইকেল চালক, বিভিন্ন ধরনের মন্তব্য করে বলেন, এই জনগুরুত্বপূর্ণ রাস্তাটি অবহেলিত থাকলেও কাউন্সিলার ও মেয়রদের গুরুত্ব না দেওয়া খুবই দু:খজনক। কেননা এই রাস্তাটি পশ্চিম মালসাদহ থেকে পূর্ব মালসাদহ হয়ে গাংনী ও হাটবোলিয়া প্রধান সড়ক এর সাথে সংযুক্ত হয়েছে।

ওই ওয়ার্ডের ছাত্র সাদ্দাম হোসেন জানান আমি শৈশব থেকেই দেখে আসছি এই রাস্তাটির বেহালদশা। যা সংস্কার অতি জরুরী। পথচারী ৭নং ওয়ার্ডের বাসিন্দা শাজাহান আলী জানান, সাবেক মেয়র আহামেদ আলী দায়িত্ব থাকাকালীন রাস্তাটি এইচ বি বি করা হয়েছিল। এরপরে বর্তমান মেয়র এই রাস্তার জন্য চেষ্টা চালাচ্ছেন।

উক্ত ওয়ার্ডের বাসিন্দা মোছা: তানজিলা খাতুন জানান, আমি যতদিন বসবাস করছি ততদিন থেকেই এই রাস্তার দূর্দশা দেখে আসছি। ৬নং ওয়ার্ডের তিন তিন বারের কাউন্সিলারও প্যালেন মেয়র নবীর উদ্দীন জানান, রাস্তাটি বর্তমান খুব খারাপ অবস্থা তবে আশ করি তাড়াতাড়ি ভালো হবে।

সাবেক মেয়র আহামেদ আলী জানান, আমি দায়িত্ব থাকাকালীন অবস্থায় যে এইচ বি বি করেছিলাম সে ভাবেই পড়ে রয়েছে তার পরে ওই রাস্তায় আর কোন কাজ হয়নি। বর্তমান মেয়র আশরাফুল ইসলাম জানান, আগামী মাসের মধ্য এই রাস্তার কাজ শুরু করবেন।

কাথুলীতে হতদরিদ্রদের মাটিকাটা কাজের উদ্বোধন

গাংনীর কাথুলী ইউনিয়নে হতদরিদ্রদের ১০০ দিনের মাটিকাটা কাজের শুভ উদ্বোধন করা হয়েছে।